উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত (৬ষ্ঠ) মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : মো: রবিউল আলম
প্রশাসক
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৮.১১..২০২৪ খ্রিঃ, সময় : বেলা ১১.৩০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	জনাব মো: জনি খান, উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, রাজবাড়ী সদরে ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচীর আওতায় রবি মৌসুমে গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদম, সয়াবিন,শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর, খেসারি ও ফেলন ফসলের আবাদ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মধ্যে প্রণোদনা হিসাবে সরিষা ১৪০০ জন, মসুর ৬৫০ জন, খেসারী ১০০ জন, ভুট্টা ১০০ জন, গম ২৫০০ জন সূর্যমুখী ৫০ জন, মুগ ৪০ জন, পেঁয়াজ ৮০০ জন ও চিনাবাদাম ১১০ জনকে সর্বমোট ৫,৭৫০ জন কৃষককে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	প্রণোদনার আওতায় প্রেরিত গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদম, সয়াবিন, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর, খেসারি ও ফেলন ফসলের বীজ ও সার সঠিক নিয়মে বিতরণ করতে হবে।	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর ও সংশ্লিষ্ট সকল।
০২.	জনাব মো: তছলিম আরিফ বিশ্বাস, উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে সালাম জানিয়ে বলেন, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতার বরাদ্দের জন্য প্রস্তাব প্রেরণের নির্দেশনা পাওয়া গেছে। ইতোমধ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। সমাজসেবা অফিসে অনেক বয়স্ক ও প্রতিবন্ধী ভাতাভোগী আসেন তাদের বসার জন্য অফিসের সামনের গোলঘরটি মেরামতের ব্যবস্থা করতে তিনি অনুরোধ করেন।	অনগ্রসর গোষ্ঠির তালিকা জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে। বয়স্ক ও প্রতিবন্ধীদের বসার ব্যবস্থা করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, রাজবাড়ী সদর, রাজবাড়ী ।
০৩.	জনাব শ্যামল কুমার বিশ্বাস, উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, ২০২৪-২০২৫ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ শুরু হয়েছে। এপর্যন্ত ০৪ টি ব্যাচের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অন্যান্য ব্যাচের প্রশিক্ষণ চলমান। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। আদায়ের হার ৯৯% (প্রায়)। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। পরিশেষে উপজেলা যুব উন্নয়ন অফিসার তার অফিসের জন্য একটি ওয়াশরুমের আবেদন জানান।	নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে ।	উপজেলা যুব উন্নয়ন অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৪.	জনাব নার্গিস জাফরী, উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে সালাম ও শুভেচ্ছা	শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের সময়ে রাতে নৈশপ্রহরীর অবস্থান নিশ্চিত করতে	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর ও সংশ্লিষ্ট

Scanned with CamScanner

	জানিয়ে বলেন, আগামী ০২ ডিসেম্বর থেকে বার্ষিক পরীক্ষা শুরু হয়ে ১১ ডিসেম্বর পর্যন্ত চলবে। ১২ ডিসেম্বর থেকে স্কুল ছুটি শুরু হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।	হবে।	সকল;
০৫.	জনাব তহমিদা খানম, প্রোগামার অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজবাড়ী উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন, আগামী ১ জানুয়ারি/২০২৫ হতে ২০২৫-২০২৬ চক্রে ভিডাব্লিউডি কার্যক্রম শুরু হবে। এ বিষয়ে অবহিত করণ সভা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। তিনি প্রতিটি ইউনিয়ন পরিষদ হতে ভিডাব্লিউডি তালিকা অনলাইন আবেদন নিশ্চিত করে পাঠাতে সকল চেয়ারম্যানদের অনুরোধ জানান।	সকল ইউনিয়ন চেয়ারম্যানগণ পরিপত্রের আলোকে তালিকা পাঠানোর ব্যবস্থা করবেন;	প্রোগামার অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজবাড়ী ও সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ;
০৬.	জনাব এ কে এম ইকবাল হোসেন, চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর সভায় শুভেচ্ছা জানিয়ে বলেন, শীতকালে গ্রামগঞ্জে গরুচুরি বেড়ে গেছে। কসাই কর্তৃক গরু / ছাগল জবেহ করার সময় স্থানীয় জনপ্রতিনিধিদের উপস্থিতি থাকার ব্যবস্থা করতে হবে। তিনি এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান।	সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান স্ব স্ব অধিক্ষেত্রে কসাই কর্তৃক গরু / ছাগল জবেহ করার সময় স্থানীয় জনপ্রতিনিধিদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান;

উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী ও প্রশাসক সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন যে, উপজেলা পরিষদের পুরাতন ভবন মেরামত ও অন্যান্য সংস্কারের জন্য প্রাক্কলন পাঠানো হবে, কার্যক্রম চলমান। তিনি উপস্থিত সকলকে ডেঙ্গু ও জন্মনিবন্ধন , বাল্যবিবাহ ও মাদকের সচেতনতার বিষয়ে কাজ করতে অনুরোধ জানান। জুম্মার আগে খুতবায় ডেঙ্গুর বিষয়ে সচেতনতা মূলক বক্তব্য প্রদান বিষয়টি নিশ্চিত করতে তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের ও ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী সদরকে অনুরোধ করেন।

০৬) **বিবিধ :**

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

উপজেলা পরিষদের মালীর অক্টোবর/২০২৪ মাসের বেতন ভাতা বাবদ - ১৭,০৫০/- টাকা

উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর অক্টোবর /২০২৪ মাসের বেতন ভাতা বাবদ - ১৭,০৫০/- টাকা

সিদ্ধান্ত : রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত বিল পরিশোধের বিষয়টি অনুমোদন করা হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা এবং জনপ্রতিনিধিগণকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: রবিউল আলম
প্রশাসক
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২৪-

তারিখ : ২৮.১১.২০২৪ খ্রি:।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০২। জেলা প্রশাসক, রাজবাড়ী;

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৩-৫০। ....

....

রাজবাড়ী সদর, রাজবাড়ী।

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

Scanned with CamScanner